দৈনিক ইত্তেফাক

তারিখ ... 09 MAY 1995 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৪ ...

13

## যশোর বোর্ড

# অভিযুক্ত পরীক্ষার্থীর তালিকা কম্পিউটারে তৈরী করা হইতেছে

মাইনুল হাসান ॥ আগামী এইচএসসি পরীক্ষায় রেজিষ্ট্রেশনে ঘাপলা ও বিনানুমতিতে কলেজ পরিবর্তনকারীদের তালিকা কম্পিউটারের মাধ্যমে তৈরী হইতেছে। এই তালিকা তৈরীর পর স্ব স্ব

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## যশোর বোর্ড

(১ম পৃঃ পর)

কলেজে জবাবের জন্য পাঠানো হইবে। অভিযুক্ত পরীক্ষার্থীদের প্রবেশপত্র ইস্যু করা হইবে না। নিখুঁতভাবে পরীক্ষা-নিরীক্ষার জন্য যশোর বোর্ড কম্পিউটারের আশ্রয় লইয়াছে। বোর্ড সূত্রে প্রকাশ, ঈদের পর এই তালিকা কলেজে পাঠানো হইবে। ইতিমধ্যে ১৪০টি কলেজকে সতর্কীকরণ নোটিস এব্যাপারে পাঠানো হইয়াছে।